সমকাল

তারিখ ... 24 OCT 2016 ...
পৃষ্ঠা ২-৩ ... কলাম ... ৪ ...

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নেতাকে পদবঞ্চিতদের মারধর

■ রংপুর অফিস

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আল-মুরসালিন মুন্নাকে পিটিয়ে আহত করেছে পদবঞ্চিতরা। গতকাল রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ওই ঘটনা ঘটে। এ নিয়ে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

পুলিশ ও ছাত্রদল কর্মীরা জানান, কিছুদিন আগে সাইফুর রহমান লিমনকে সভাপতি ও ইমরান খান শ্রাবণকে সাধারণ সম্পাদক করে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের কমিটি ঘোষণা করা হয়। এতে যারা পদ পাননি তারা ক্ষুব্ধ হয়ে ওঠেন। গতকাল পদবঞ্চিতরা বিএনপির কেন্দ্রীয় নেতা হাবিব-উন-নবী খান সোহেলসহ সব নেতাকর্মীর মুক্তি ও তাদের নামে মিথ্যা মামলা তুলে নেওয়ার দাবিতে বিশ্ববিদ্যালয় এলাকায় মিছিল করে। এ সময় ছাত্রদল বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক এবং সাংগঠনিক সম্পাদক সেখান দিয়ে যাচ্ছিলেন। মিছিল থেকে তাদের ধাওয়া করা হয়। সভাপতি-সম্পাদক পালিয়ে গেলেও সাংগঠনিক সম্পাদক মুন্নাকে বেদম মারধর করে পদবঞ্চিতরা। খবর পেয়ে বিশ্ববিদ্যালয় ফাঁড়ির পুলিশ সেখানে যাওয়ার আগেই তারা পালিয়ে যায়। পরে আহত অবস্থায় মুন্নাকে উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। এ বিষয়ে ছাত্রদলের পদবঞ্চিত একাধিক কর্মীর সঙ্গে যোগাযোগ করা হলে তারা কথা বলতে রাজি হননি। যদিও বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক সাংবাদিকদের বলেন, বহিরাগত সন্ত্রাসীরা মুন্নার ওপর হামলা চালিয়ে তাকে আহত করেছে। বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ এরশাদ আলী জানান, বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।